



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৪৮৯.১২- ৩৩১

তারিখঃ ১২ কার্তিক ১৪২৭ ব.
২৮ অক্টোবর ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৬৬৭৯/২০১২ মামলার ০৭/০৪/২০১৬ তারিখের রায়ের বিরুদ্ধে আপিল দায়ের হয়েছে কিনা হয়ে থাকলে রিট মামলার রায় স্থগিত হয়েছে কিনা বা আপিল দায়ের না হয়ে থাকলে না হওয়ার কারণ উল্লেখসহ তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

সূত্র: (১) জেলা প্রশাসক, রাজশাহী পার্বত্য জেলার স্মারক নং- ২৯৯.২০৫.০০৩.০০০.০৩২.২০১০-১৩৯, তারিখ: ০৮/০৩/২০১১ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১৪/অডিঃ২/২০০৮(অংশ-১)/১৫১, তারিখ: ০৭/৪/২০১১ খ্রি.
(৩) মাউশিঅ'র স্মারক নং- ওএম/১৮০/আইন/২০১২/৭৭৯/২, তারিখ: ০৪/৭/২০১৭ খ্রি.
(৪) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৪৮৯.১২-২৭৫, তারিখ: ২১/৫/২০১৯ খ্রি.
(৫) মাউশিঅ'র স্মারক নং- ওএম/১৮০/আইন/২০১২/৯৩১/১, তারিখ: ১৬/৮/২০১৭ খ্রি.
(৬) মহামায়া হাইকোর্ট হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-৩১২/২০১৭ (রিট পিটিশন নং-৬৬৭৯/২০১২ মামলা হতে উদ্ধৃত) মামলার ১৩/০৯/২০২০ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, রাজশাহী পার্বত্য জেলা কর্তৃক ০৮/০৩/২০১১ তারিখের সূত্রোক্ত (১) স্মারকে দাখিলকৃত তদন্তের পরিপ্রেক্ষিতে মাইনুমুখ ইসলামিয়া আলিম মাদ্রাসা, লংগদু, রাজশাহী পার্বত্য জেলা এর অধ্যক্ষ জনাব মোঃ ফেরদৌস আলম এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় শিক্ষা মন্ত্রণালয় হতে ০৭/৪/২০১১ তারিখে সূত্রোক্ত (২) সংখ্যক স্মারকের মাধ্যমে তাঁর এমপিও স্থগিত, অতিরিক্ত গৃহীত অর্থ সরকারি কোষাগারে ফেরতসহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাউশি অধিদপ্তরকে অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়। তদপ্রেক্ষিতে জনাব মোঃ ফেরদৌস আলম কর্তৃক উক্ত পত্রের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৬৭৯/২০১২ দায়ের করা হয়।

২। উক্ত মামলায় মহামায়া হাইকোর্ট কর্তৃক গত ০৭/০৪/২০১৬ তারিখে প্রদত্ত রায়/আদেশ নিম্নরূপ-

"The respondents are directed to pay the M.P.O of the petitioner since from the date of stopping the same i.e from 07.04.2011 till date in accordance with law within 30 (thirty) days from the date of receipt of the judgment and order of this Court"

৩। উক্ত রায়ের বিরুদ্ধে CP দায়েরের নিমিত্ত টিএমইডি হতে ডিজি, মাউশিঅ বরাবর ২১/৫/২০১৯ তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে ৩য় বারের মতে অনুরোধ করা হয়। কিন্তু উক্ত পত্রের বিষয়ে (CP দায়েরের) গৃহীত ব্যবস্থার সর্বশেষ তথ্য হিসেবে দেখা যায় মাউশিঅ কর্তৃক সিপি দায়েরের জন্য গত ০৪/৭/১৭ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে বিজ্ঞ সলিসিটর বরাবর পত্র প্রেরণ করা হয়। উক্ত মামলার রায়ের বিরুদ্ধে আপিল দায়েরের জন্য বিজ্ঞ AOR জনাব হরিদাশ পালকে নিয়োগ দেয়া হয় মর্মে মাউশিঅ এর ১৬/৮/১৭ তারিখের সূত্রোক্ত (৫) নং পত্র হতে স্পষ্ট হয়। তার পরের কোন তথ্য নথিতে নেই।

৪। উল্লেখ্য- ভিন্ন মামলায় (রিট নং-১১৫৩৮/১৪) যথাসময়ে AOR হিসেবে নিয়োগ পাওয়া সত্ত্বেও ৭৯০ দিন পার হওয়ার পরও জনাব হরিদাশ পাল কর্তৃক সিপিএলএ দায়ের করা হয়নি। যা সমিচীন হয়নি। মামলাসমূহে সরকারের বিরুদ্ধে ঘোষিত রায়ের বিরুদ্ধে সিপিএলএ দায়েরের ক্ষেত্রে সলিসিটর উইং কর্তৃক AOR নিয়োগের জন্য অপেক্ষা না করে দপ্তর / সংস্থা কর্তৃক নিজস্ব আইনজীবী দ্বারা সিপিএলএ দায়েরের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক।

৫। ইতোমধ্যে পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৩১২/২০১৭ (রিট পিটিশন নং-৬৬৭৯/২০১২ মামলা হতে উদ্ধৃত) মামলা দায়ের করা হয়। উক্ত কনটেম্পট মামলায় মহামায়া আদালত কর্তৃক গত ১৩/০৯/২০২০ তারিখের আদেশে সূত্রোক্ত (৫) নং পত্রমূলে উক্ত কনটেম্পট মামলায় ০৫ নং কনটেম্পটনর রেসপনডেন্ট হিসেবে টিএমইডি'র বর্তমান সচিব জনাব মো: আমিনুল ইসলাম খান মহোদয়কে অন্তর্ভুক্ত করে আলোচ্য আদেশটি সচিব, টিএমইডি বরাবর প্রেরণ করা হয়েছে।

৬। এক্ষেপে রিট পিটিশন নং-৬৬৭৯/২০১২ মামলায় মহামায়া হাইকোর্ট কর্তৃক গত ০৭/০৪/২০১৬ তারিখে প্রদত্ত রায়/আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের সর্বশেষ তথ্য জানা আবশ্যিক।

৭। এমতাবস্থায়, যেহেতু ডিএমই কর্তৃক সরকার পক্ষে মামলা পরিচালনা করা হচ্ছে সেহেতু রিট পিটিশন নং-৬৬৭৯/২০১২ মামলার রায়ের বিরুদ্ধে আপিল দায়ের হয়েছে কিনা হয়ে থাকলে রিট মামলার রায় স্থগিত হয়েছে কিনা বা আপিল দায়ের না হয়ে থাকলে না হওয়ার কারণ উল্লেখসহ বর্তমানে আপিল দায়ের হলে তা তামাদির কারণে Dismiss হবে কিনা এবং বর্তমানে এ ব্যাপারে কি করণীয় সে বিষয়ে তথ্যাদি (আগামি ০৫/১১/২০২০ এর মধ্যে) টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো। সে সাথে তামাদি এড়ানোর স্বার্থে নিজস্ব আইনজীবীর মাধ্যমে আপিল দায়ের নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

২৮.১০.২০
(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)

ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ

নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৬। অফিস কপি/মাস্টার কপি।